

# বার কাউন্সিল পরীক্ষার আবেদন ফি ৪ হাজার টাকা কেন, প্রশ্ন ইবি শিক্ষার্থীদের

ইসলামী বিশ্ববিদ্যালয়  
প্রতিনিধি

০৯ মার্চ, ২০২৫ ২১:৪২

শেয়ার

অ +

অ -



ছবি : কালের কণ্ঠ

বাংলাদেশ বার কাউন্সিল এনরোলমেন্ট পরীক্ষায় আবেদন ফি-কে অযৌক্তিক এবং বৈষম্যমূলক আখ্যা দিয়ে ফি কমানোর দাবিতে মানববন্ধন করেছেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) শিক্ষার্থীরা।

রবিবার (৯ মার্চ) দুপুরে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকে আইন অনুষদের শিক্ষার্থী ও শিক্ষানবিশ আইনজীবী ব্যানারে তারা এ মানববন্ধন করেন।

এ সময় শিক্ষার্থীরা অন্যান্য পরীক্ষার আবেদন ফি কম হলেও এনরোলমেন্ট পরীক্ষার ফি ৪ হাজার ২০ টাকা কেন, এমন প্রশ্ন করেন। তারা ফি কমিয়ে ৩০০ টাকা করার দাবি জানান।

মানববন্ধনে শিক্ষার্থীরা বলেন, ‘বার কাউন্সিল পরীক্ষায় আমাদের বিভিন্ন সময় অনেক টাকা ফি দিতে হয়। এ ছাড়া যাতায়াত ও থাকা খাওয়া ভাড়া মিলে আমাদের ও আমাদের পরিবারের ওপরে অনেক চাপ পড়ে যায়। আমরা এই অযৌক্তিক ফির প্রতিবাদে আগেও মানববন্ধন করেছি। কিন্তু কর্তৃপক্ষ এ বিষয়ে কোনো ব্যবস্থা নেয়নি।

আমরা এই অযৌক্তিক এবং বৈষম্যমূলক ফি অতিরিক্ত বাতিল চাই।’

তারা বলেন, ‘বৈষম্যহীন ফি বাতিল চাওয়া আমাদের অধিকার। আমরা কোনো অন্যায় আবদার করছি না। বিসিএসসহ অন্যান্য পরীক্ষার ফির সঙ্গে মিল রেখে বার কাউন্সিলের ফি নির্ধারণ করতে হবে।

শিক্ষার্থীরা আরো বলেন, ‘আমাদের প্রথমেই রেজিস্ট্রেশনের জন্য ১ হাজার ৮০ টাকা দিতে হয়। এরপর আবার পরীক্ষায় বসার জন্য ৪ হাজার ২০ টাকা দিতে হয়। অথচ বাংলাদেশের সব চাকরিতে ২০০ টাকা ফি নির্ধারণ করা হয়েছে। আমরা চাই, অনতিবিলম্বে সব চাকরির সঙ্গে মিল রেখে বার কাউন্সিলের ফি নির্ধারণ করা হোক।’